

সহীহ হাদিসে কুদসি

হাদিস নম্বরঃ ৮৪

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ হাউজে কাউসার

আরবী

84- عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ - قَالَ: بَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ يَوْمٍ بَيْنَ أَظْهُرِنَا إِذْ أَغْفَى إِغْفَاءَةً ثُمَّ رَفَعَ رَأْسَهُ مُتَبَسِّمًا، فَقُلْنَا: مَا أَضْحَكَكَ يَا رَسُولَ اللَّهِ؟! قَالَ: « أَنْزِلَتْ عَلَيَّ آيَاتٌ مِنْ سُورَةِ فَكَّرًا: بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ﴿إِنَّا أَعْرَضْنَا عَنْكَ الْكُوثُرَ ۱ فَصَلِّ لِرَبِّكَ وَأَنْزَلْنَا حَرَ ۲ إِنَّ شَانِكَ هُوَ الْآبَابُ ۳﴾ ثُمَّ قَالَ: أَتَدْرُونَ مَا الْكُوثُرُ؟» فَقُلْنَا: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ: «فَإِنَّهُ نَهْرٌ وَعَدْنِيهِ رَبِّي - عَزَّ وَجَلَّ - عَلَيْهِ خَيْرٌ كَثِيرٌ هُوَ حَوْضٌ تَرِدُ عَلَيْهِ أُمَّتِي يَوْمَ الْقِيَامَةِ آيَتُهُ عَدَدُ النُّجُومِ فَيُخْتَلَجُ الْعَبْدُ مِنْهُمْ فَأَقُولُ: رَبِّ إِنَّهُ مِنْ أُمَّتِي فَيَقُولُ: مَا تَدْرِي مَا أَحَدَّثْتُ بِعَدِكَ » . (م , د) صحيح

বাংলা

৮৪. আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: “একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের মাঝে ছিলেন, হঠাৎ তিনি তন্দ্রা গেলেন, অতঃপর হাসতে হাসতে মাথা তুললেন। আমরা বললাম: হে আল্লাহর রাসূল কিসে আপনাকে হাসাচ্ছে?! তিনি বললেন: “এ মুহূর্তে আমার ওপর একটি সূরা নাযিল করা হয়েছে, অতঃপর তিনি পড়লেন:

﴿إِنَّا أَعْرَضْنَا عَنْكَ الْكُوثُرَ ۱ فَصَلِّ لِرَبِّكَ وَأَنْزَلْنَا حَرَ ۲ إِنَّ شَانِكَ هُوَ الْآبَابُ ۳﴾ [الكوثر: ১, ২]

“নিশ্চয় আমি তোমাকে আল-কাউসার দান করেছি। অতএব তোমার রবের উদ্দেশ্যেই সালাত পড় এবং নহর কর। নিশ্চয় তোমার প্রতি শত্রুতা পোষণকারীই [নির্বংশ]”। [1] অতঃপর তিনি বললেন: “তোমরা জান কাউসার কি?” আমরা বললাম: আল্লাহ ও তার রাসূল ভাল জানেন। তিনি বললেন: “এটা একটা নহর, এর ওয়াদা আল্লাহ আমার নিকট করেছেন, তাতে রয়েছে প্রচুর কল্যাণ। এটা এক হাউজ তাতে আমার উম্মত গমন করবে, তার পাত্রগুলো নক্ষত্রের সংখ্যার ন্যায়, তাদের থেকে এক বান্দাকে ছো মেরে নেয়া হবে, আমি বলব: হে আমার রব, সে আমার উম্মতের অন্তর্ভুক্ত, তিনি বলবেন: তুমি জান না তোমার পর তারা কি আবিষ্কার করেছে”। [মুসলিম ও আবু দাউদ] হাদিসটি সহীহ।

ফুটনোট

[1] সূরা কাউসার: (১-৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=21398>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন